RIKU-তে মানব পাচার বা অনুরূপ শোষণের শিকার ব্যক্তিদের জন্য বিশেষায়িত সেবা রয়েছে

আমাদের সাথে যোগাযোগ করুন যদি:

- আপনাকে প্রতারিত করে এমন পরিস্থিতিতে ফেলা হয়েছে যা থেকে আপনি সমস্যায় না পড়ে বেরিয়ে আসতে পারছেন না।
- কেউ আপনার পরিস্থিতির সুযোগ নিচ্ছে, যেমন, আপনাকে খুব কম বেতন দিয়ে, আপনাকে যৌন কাজ করাতে, অপরাধ করতে বা আপনার ইচ্ছার বিরুদ্ধে অন্য কিছু করতে বাধ্য বা প্রলুব্ধ করে।
- আপনি কী করেন, কোথায় যান, কার সাথে কথা বলেন বা কীভাবে আপনার অর্থ ব্যবহার করেন তা কেউ নিয়ন্ত্রণ করে।
- কেউ আপনাকে চাপ দিয়ে বা হুমকি দিয়ে তাদের কথা মানতে বাধ্য করার চেষ্টা করে, যেমন, আপনার ব্যক্তিগত কোনো তথ্য ফাঁস করে দেওয়ার, আপনাকে দেশ থেকে বের করে দেওয়ার, কর্তৃপক্ষের কাছে আপনার নামে অভিযোগ করার, বা আপনার বা আপনার পরিবারের সদস্যদের ক্ষতি করার হুমকি দেয়।
- ফিনল্যান্ডে আসার জন্য, উদাহরণস্বরূপ চাকরি বা ভিসার জন্য, কেউ আপনার কাছ থেকে অর্থ নিয়ে থাকে.
- আপনি নিয়মিত দিনে 8 ঘন্টার বেশি বা গভীর রাতে অতিরিক্ত পারিশ্রমিক ছাড়াই কাজ করেন; আপনি সপ্তাহে গড়ে 2 দিনের কম ছুটি পান অথবা আপনি সবেতন অসুস্থতাজনিত ছুটি ও বার্ষিক ছুটির সুবিধা থেকে বঞ্চিত হন।
- আপনি ভয় পাচ্ছেন যে আপনি আপনার বিবাহ বা সম্পর্ক ত্যাগ করলে কেউ আপনার ক্ষতি করবে, অথবা আপনাকে সেই সম্পর্কে জড়াতে বাধ্য করা হয়েছিল।

এর কোনোটি সত্যি হলে, বা আপনি যদি সন্দেহ করেন যে আপনি বা আপনার কোনো আপনজন অন্য কোনো কারণে মানব পাচার বা অনুরূপ শোষণের শিকার হয়েছেন, তাহলে অনুগ্রহ করে আমাদের সাথে ফোন বা মেসেজের মাধ্যমে যোগাযোগ করুন:

+358 40 632 9293

বা ইমেইল করুন **help@riku.fi** ঠিকানায়

RIKU
RIKOSUHRIPÄIVYSTYS
VICTIM SUPPORT FINLAND

ভিক্টিম সাপোর্ট ফিনল্যান্ড (RIKU)

অপরাধের শিকার ব্যক্তি, তাদের আপনজন এবং অপরাধের সাক্ষীদের নির্দেশনা দেয় ও সহায়তা করে।

অনলাইনে | ফোনের মাধ্যমে | সামনাসামনি

পরামর্শ ও সহায়তার জন্য ভিক্টিম সাপোর্ট ফিনল্যান্ড (RIKU)-এর সাথে যোগাযোগ করুন যদি:

- আপনি অপরাধের শিকার হন বা সন্দেহ করেন যে আপনি শিকার হয়েছেন
- আপনি কোনো অপরাধের সাক্ষী হন
- আপনার কোনো আপনজন অপরাধের শিকার হয়ে থাকে

আমাদের পরিষেবা সম্পূর্ণ গোপনীয়। আপনি যখন কোনো অপরাধের বিষয়ে অভিযোগ জানাবেন কি না তা নিয়ে ভাবছেন, তখনও আপনি আমাদের সাথে যোগাযোগ করতে পারেন, এমনকি পরিচয় গোপন রেখেও। অভিযোগ জানানোর অর্থ কী সে সম্পর্কে আমরা আপনাকে তথ্য দিতে পারি এবং আপনি অভিযোগ করার সিদ্ধান্ত নিলে আমরা আপনাকে অপরাধের অভিযোগ দায়ের করতে সহায়তা করব।

অনুগ্রহ করে মনে রাখবেন:

- আমরা আপনার অনুমতি ছাড়া আপনার বা আপনার ঘটনা সম্পর্কে কাউকে কোনো তথ্য দেব না।
- আপনি যখন আমাদের সাথে যোগাযোগ করবেন, তখন আপনাকে আপনার ঘটনা সম্পর্কে আমাদেরকে বিস্তারিত তথ্য দিতে হবে না।
- আপনি ফিনিশ, সুইডিশ বা ইংরেজি ভাষায় কথা না বললে আমরা সর্বদা গোপনীয়তা রক্ষাকারী এবং পেশাদার দোভাষীর সহায়তা নিই।

অনলাইনে

→ **Riku.fi/trafficking**

→ **Riku.fi/labor-exploitation**

আপনি যদি সন্দেহ করেন যে আপনি মানব পাচারের শিকার বা আপনার কর্মক্ষেত্রে শোষিত হচ্ছেন, তাহলে গোপনীয় সহায়তা ও পরামর্শের জন্য **help@riku.fi** -এ ইমেইল করুন।

ফোনের মাধ্যমে

মানব পাচার এবং অনুরূপ শোষণের শিকারদের জন্য হেল্পলাইন
+358 40 632 9293

সোমবার-শুক্রবার দুপুর 1টা থেকে বিকেল 4টা কল করুন বা মেসেজ পাঠান

সামনাসামনি

প্রয়োজনে, আমরা RIKU-এর কোনো একটি অফিসে আপনার সাথে দেখা করতে পারি।

সম্ভব হলে, আমরা আপনাকে থানা বা আদালতে নিয়ে যাওয়ার জন্য একজন প্রশিক্ষিত সহায়তাকারী ব্যক্তি প্রদান করব।

আপনি আপনার নিজের ভাষায় আমাদের সাথে যোগাযোগ করতে পারেন।

RIKU একটি বেসরকারী সংস্থা (এনজিও), যাদের কোনো রাজনৈতিক বা ধর্মীয় সংশ্লিষ্টতা নেই।